


সেবা সহজিকরণ দৃষ্টান্ত

কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া



মহিলা বিষয়ক অধিদপ্তর

সহযোগিতায়: মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়





মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেবা সহজিকরণ দৃষ্টান্ত

কর্মজীবী মহিলা হোস্টেলে সিট বরাদ্দ ও প্রাপ্তি প্রক্রিয়া

জুন ২০১৭

প্রকাশনায়

মহিলা বিষয়ক অধিদপ্তর

সার্বিক তত্ত্বাবধানে

সাহিন আহমেদ চৌধুরী

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

কৃতজ্ঞতায়

মোঃ জাহাঙ্গীর হোসেন, এনডিসি

পরিচালক

প্রণয়নে : সেবাপদ্ধতি সহজিকরণ-সংশ্লিষ্ট ডকুমেন্ট প্রকাশনা কমিটি

শাহনওয়াজ দিলরুবা খান

অতিরিক্ত পরিচালক (উপ-সচিব)

শরীফা আহমেদ

উপ-পরিচালক (ম্যাজিস্ট্রেট)

মর্জিনা ইয়াসমিন

প্রোগ্রাম অফিসার, ই-সার্ভিস

নাহিদ সুলতানা

প্রোগ্রাম অফিসার, ই-সার্ভিস

লাখসানা লাকী

প্রোগ্রাম অফিসার, ক্ষুদ্রঋণ শাখা

আশা রায়

প্রোগ্রাম অফিসার, হোস্টেল শাখা

সম্পাদনায়

শাহনওয়াজ দিলরুবা খান

অতিরিক্ত পরিচালক (উপ-সচিব)

সহযোগিতায়: মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়



প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ফোন : ৯৫৪০৫৬৮, ফ্যাক্স : ৯৫১২২৬৮৭
Website : www.mowca.gov.bd

বাণী

ডিজিটাল বাংলাদেশ গড়ার অগ্রযাত্রায় সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে সেবাপদ্ধতি সহজিকরণ একটি উল্লেখযোগ্য উদ্যোগ। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ৭টি কর্মজীবী মহিলা হোস্টেলে কর্মজীবী নারীদের জন্য নিরাপদ আবাসন সেবা নিশ্চিত করার লক্ষ্যে সিট বরাদ্দ প্রাপ্তি প্রক্রিয়া সহজিকরণের উদ্যোগকে স্বাগত জানাই।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে শুরু হওয়া উন্নয়নের জোয়ার আজ নারীদের এগিয়ে নিয়ে যাচ্ছে বৈষম্যহীন এক নতুন বাংলাদেশে। এরই স্বীকৃতিস্বরূপ তিনি পেয়েছেন- এমডিজি পুরস্কার ২০১০, সাউথ- সাউথ অ্যাওয়ার্ড ২০১১, ইউনেস্কোর পিস ট্রি অ্যাওয়ার্ড ২০১৪ এবং জাতিসংঘের চ্যাম্পিয়ন অব দি আর্থ পুরস্কার ২০১৫, যা বাংলাদেশের নারী উন্নয়ন ভাবনাকে দিয়েছে এক নতুন মাত্রা। বর্তমান সরকারের অগ্রমুখী কৌশল গ্রহণের ফলে নারীরা আজ রাষ্ট্রের প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেত্রী, স্পিকার, হুইপ, মন্ত্রী, প্রতিমন্ত্রী, বিচারপতি, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ডিসি, এসপি। নারীরা পুলিশ, সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী এবং শান্তি বাহিনীতে অংশগ্রহণসহ ব্যবসা, কৃষি, স্থাপত্য, ক্রিকেট, সাঁতার, ভারোত্তোলনসহ প্রতিটি ক্ষেত্রে পুরুষের পাশাপাশি অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করছে।

মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে ডিজিটাল যুগে নারী আজ পুরুষের পাশাপাশি এগিয়ে যাচ্ছে। স্বাক্ষর রাখছে তথ্য-প্রযুক্তির সকল ক্ষেত্রে; বিউটিফিকেশন থেকে শুরু করে আউট সোর্সিং এর মাধ্যমে আয় করা এখন আর নারীদের জন্য নতুন কিছু নয়। সেক্ষেত্রে নারী তার স্বকর্মসংস্থানের জন্য নিজের ঘর ছেড়ে ছড়িয়ে পড়ছে দেশের আনাচে-কানাচে। সরকারের গৃহীত বিভিন্ন নিরাপত্তামূলক কার্যক্রম একদিকে যেমন নারীকে দিয়েছে নির্ভরতা তেমনি সরকারের যেকোন সেবাও এখন সহজে নারীর হাতের নাগালে। কর্মজীবী এই সকল নারীদের নিরাপদ আবাসন নিশ্চিত করার জন্য রয়েছে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ৭টি কর্মজীবী মহিলা হোস্টেল। এ সকল হোস্টেলে সিট বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অনলাইনে আবেদনের প্রক্রিয়া এ বিষয়ে একটি নতুন মাত্রা যোগ করেছে।

কর্মজীবী নারীদের জন্য প্রণীত এই নাগরিক সেবা সহজিকরণের মাধ্যমে কম সময়ে, কম খরচে এবং কম ভিজিটে একজন নারী সহজে তার কাঙ্ক্ষিত হোস্টেলে সিট বরাদ্দ প্রাপ্তির মাধ্যমে কাঙ্ক্ষিত সেবা পাবেন বলে আমি আশাবাদী।

(মেহের আফরোজ চুমকি, এমপি)

